

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মুক্তাঙ্গ

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৩৫১.২০১৭ ৩৩৯১


তাং ১৪-০৬-২০১৭খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং-৭০৩৮/২০১৫ এ প্রতিদ্বন্দ্বিতা করণ প্রসঙ্গে।

ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কফিল উদ্দিনকে সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করার আদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট আবেদনটি দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যু পূর্বক জবাব প্রদানের জন্য সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে আদেশ প্রদান করেছেন। মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক। উল্লেখ্য, এ বিভাগের ০৭/০৯/২০১৫ তারিখের ১৮০৩ নং স্মারকমূলে ইংরেজীতে দফাওয়ারী জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। এখনো জবাব পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯

জেলা প্রশাসক
ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। অফিস কপি/মাষ্টার কপি।